

## বঙ্গবন্ধু প্রযুক্তি ভাসিটির চার বিভাগীয় প্রধান ও তিন শিক্ষকের পদত্যাগ

নিজস্ব সংবাদদাতা, গোপালগঞ্জ, ১৬ অক্টোবর ॥ গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চারটি বিভাগের চেয়ারম্যান, দুটি হলের প্রভোস্ট এবং একজন সহকারী প্রভোস্ট পদত্যাগ করেছেন। মঙ্গলবার ভিন্ন ভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে তারা পদত্যাগপত্র জমা দেন।

পদত্যাগপত্র জমাদানকারীরা হলেন বিশ্ববিদ্যালয়ের কৃষি বিভাগের চেয়ারম্যান ড. এম এ সাত্তার, ফুড এ্যান্ড প্রসেসিং ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. নাজমুল হক শাহীন, আইন বিভাগের চেয়ারম্যান মোঃ আব্দুল কুদ্দুস মিয়া এবং প্রাণিসম্পদ বিজ্ঞান ও ভেটেরিনারি মেডিসিন বিভাগের চেয়ারম্যান মোঃ সফিকুজ্জামান, শেখ রেহানা হলের প্রভোস্ট মজনুর রশীদ এবং শেখ রাসেল হলের প্রভোস্ট রবিউল ইসলাম ও সহকারী প্রভোস্ট মুরাদ হোসেন। এর আগে সোমবার পদত্যাগ করেন ছাত্র-উপদেষ্টা আব্দুর রহিম।

এ ব্যাপারে বশেমুরবিপ্রবির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মোঃ শাহজাহান জানিয়েছেন, বিভিন্ন বিভাগের ওই চার চেয়ারম্যানকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছিল। ব্যক্তিগত কারণ দেখিয়ে সকলে পদত্যাগপত্র জমা দিয়েছেন এবং সেটা গ্রহণ করা হয়েছে। শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। খুব শীঘ্রই বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার পরিবেশ ফিরে আসবে।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com